



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### প্রেস বিজ্ঞপ্তি

৫ মার্চ ২০১৭ খ্রি.

### চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট সনজীদা শরমিন এর নেতৃত্বে ৫ মার্চ ২০১৭ খ্রি. রবিবার, সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। অভিযানকালে কোতোয়ালী থানাধীন সিরাজদৌলা রোডে অপরিচ্ছন্ন ও নোংরা পরিবেশে খাদ্য সামগ্রী প্রস্তুত এবং বিক্রির অপরাধে দত্ত সুইটসকে ১০ হাজার টাকা, চান্দগাঁও থানাধীন বহুর্দারহাট বাস টার্মিনাল এর বাঁশখালী হোটেলকে ১০ হাজার টাকা, আল মদিনা হোটেলকে ১০ হাজার টাকা, সিটি কর্পোরেশনের ট্রেড লাইসেন্স না থাকার অপরাধে আল্লাহর দান ঝাল বিতানকে ১ হাজার টাকা ও ফেরদৌস আলমকে ১ হাজার টাকা সহ সর্বমোট ৩২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগ সমূহের কর্মকর্তা/কর্মচারীগণ ও সিএমপি পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

৫ মার্চ ২০১৭ খ্রি.

### দেওয়ানহাট সিটি কর্পোরেশন কলেজ এর সিসি ক্যামেরা উদ্বোধন, নবীন বরণ এবং বার্ষিক সাহিত্য-সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, আলোকিত মানুষ না হলে সমাজ এবং দেশকে আলোকিত করা সম্ভব নয়। সে লক্ষ্যে শিক্ষার্থীদের নীতি নৈতিকতায় সমৃদ্ধ হয়ে আলোকিত মানুষ হওয়ার আহবান জানান মেয়র। ৪ মার্চ ২০১৭ খ্রি. শনিবার সকালে দেওয়ানহাট সিটি কর্পোরেশন কলেজ অডিটোরিয়ামে অনুষ্ঠিত দেওয়ানহাট সিটি কর্পোরেশন কলেজ এর সিসি ক্যামেরা উদ্বোধন, নবীন বরণ এবং বার্ষিক সাহিত্য-সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার

বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে তিনি এসব কথা বলেন। ২৩ নং উত্তর পাঠানটুলী ওয়ার্ড কাউন্সিলর ও অত্র কলেজ পরিচালনা কমিটির সদস্য মো. জাবেদ এর সভাপতিত্বে এবং প্রভাষক মো. আবুল খায়ের এর উপস্থাপনায় অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ আওয়ামীযুবলীগের প্রেসিডিয়াম সদস্য অত্র কলেজ পরিচালনা কমিটির সদস্য সৈয়দ মাহমুদুল হক, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস ফারহানা জাবেদ, প্রভাষক মো. নুরুল আলম আজাদ। স্বাগত বক্তব্য রাখেন দেওয়ানহাট সিটি কর্পোরেশন কলেজ এর অধ্যক্ষ মিসেস ঝিনু আরা বেগম। নবাগত ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে মানপত্র পাঠ করেন দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থী খাদিজা আক্তার মুক্তা, মানপত্র গ্রহণ করেন মঈন উদ্দিন। নবাগত ছাত্রছাত্রীদের পক্ষে বক্তব্য রাখেন শাখাওয়াত হোসেন সাকিব এবং তথ্য চিত্র প্রদর্শন করেন মিল্টন চন্দ্র দাশ। সভার শুরুতে পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ,জাতীয় সঙ্গীত পরিবেশন এবং অতিথিদের ফুল ও ক্রেস্ট দিয়ে বরণ করা হয়। সভায় চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সদস্য আলহাজ্ব দোস্তু মোহাম্মদ,আওয়ামীলীগ নেতা হাজী মো. ইব্রাহীম, মাহফুজুর রহমান সর্দার, মো. হারুন সর্দার উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি সাহিত্য,সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। প্রধান অতিথির ভাষনে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন সেবার অংশ হিসেবে ভর্তুকি দিয়ে শিক্ষা সেবা চালিয়ে যাচ্ছে। সরকারের নীতির সাথে সমন্বয় করে চট্টগ্রাম সিটি কর্পোরেশন শিক্ষাকে প্রাধান্য দিয়েছে। তিনি আশা করেন চমিক শিক্ষা প্রতিষ্ঠান সমূহ থেকে শিক্ষা গ্রহণ করে শিক্ষার্থীরা দেশের বিভিন্ন অংশে অবদান রাখতে সক্ষম হবে। মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সকল সেবাধর্মী কর্মকাল্ডে নগরবাসীর সহযোগিতা কামনা করেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা